# ফিলিস্তিনের পূর্ণ সদস্যপদের আহ্বান বাংলাদেশের




পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ। ছবি: সংগৃহীত

১৯৬৭ সালের আগের সীমানা অনুযায়ী পূর্ব জেরুজালেমকে রাজধানী করে স্বাধীন ও সার্বভৌম ফিলিস্তিন রাষ্ট্র প্রতিষ্ঠার পাশাপাশি জাতিসংঘে দেশটির পূর্ণ সদস্যপদ দেওয়ার আহ্বান জানিয়েছে বাংলাদেশ।

বৃহস্পতিবার (২৪ সেপ্টেম্বর) নিউইয়র্কে জাতিসংঘ সদর দপ্তরে দুই-রাষ্ট্রভিত্তিক সমাধান বাস্তবায়নে গঠিত গ্লোবাল অ্যালায়েন্সের উচ্চপর্যায়ের মন্ত্রী পর্যায়ের বৈঠকে এ আহ্বান জানান পররাষ্ট্র প্রতিমন্ত্রী শামা ওবায়েদ ইসলাম। শুক্রবার (২৫ সেপ্টেম্বর) ঢাকায় পাঠানো পররাষ্ট্র মন্ত্রণালয়ের সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

জাতিসংঘ সাধারণ পরিষদের ৮১তম অধিবেশনের ফাঁকে দেওয়া বক্তব্যে শামা ওবায়েদ ইসলাম জাতিসংঘ নিরাপত্তা পরিষদের ২৮০৩ নম্বর প্রস্তাবের আওতায় নেওয়া পদক্ষেপ দ্রুত বাস্তবায়নের আহ্বান জানান। একই সঙ্গে কার্যকর জবাবদিহি এবং ফিলিস্তিনিদের নিজেদের বিষয় নিজেরা পরিচালনার সুযোগ নিশ্চিত করার ওপর গুরুত্ব দেন।

তিনি ফিলিস্তিনি শরণার্থীদের জন্য ইউএনআরডব্লিউএর কার্যক্রমের ম্যান্ডেট সুরক্ষিত রাখা ও সংস্থাটির জন্য নিয়মিত অর্থায়ন অব্যাহত রাখার আহ্বান জানান। গাজায় জোরপূর্বক বাস্তুচ্যুতি ও জনসংখ্যাগত পরিবর্তন ঠেকানোর পাশাপাশি বসতি সম্প্রসারণ বন্ধের কথাও বলেন।

বৈঠকে দুই-রাষ্ট্রভিত্তিক সমাধান এগিয়ে নেওয়ার বিভিন্ন উদ্যোগ নিয়ে আলোচনা হয়। এতে বিভিন্ন দেশের মন্ত্রী এবং আন্তর্জাতিক সংস্থার জ্যেষ্ঠ প্রতিনিধিরা অংশ নেন।

LENS ASIA